হরমুজ প্রণালিতে সৌদি তেলবাহী দুই ট্যাংকারে হামলা



হরমুজ প্রণালী। ছবি: সংগৃহীত

হরমুজ প্রণালি পেরিয়ে সৌদি আরবের অপরিশোধিত তেল নিয়ে যাওয়ার সময় দুটি সুপারট্যাংকারে অজ্ঞাত প্রক্ষেপণের আঘাতের ঘটনা ঘটেছে। সোমবার (৩১ আগস্ট) রাতে কয়েক মিনিটের ব্যবধানে পৃথকভাবে জাহাজ দুটিতে হামলা হয় বলে জানিয়েছে জাহাজ চলাচলবিষয়ক গোয়েন্দা ও নজরদারি প্রতিষ্ঠান মারিস্কস এবং কেপলার।

রয়টার্সের প্রতিবেদনে বলা হয়েছে, হামলার সময় ট্যাংকার দুটি হরমুজ প্রণালির ওমানের নিয়ন্ত্রণাধীন অংশ দিয়ে যাচ্ছিল। এর একটি সৌদি পতাকাবাহী 'সিদর' এবং অন্যটি লাইবেরিয়ার পতাকাবাহী 'সেনেগাল প্রসপারিটি'। হামলায় কোনো নাবিক হতাহত হননি।

কেপলারের তথ্য অনুযায়ী, গত সপ্তাহে সৌদি আরবের জুয়াইমাহ টার্মিনাল থেকে ট্যাংকার দুটিতে ২০ লাখ ব্যারেল করে অপরিশোধিত তেল তোলা হয়েছিল।

মারিস্কস জানিয়েছে, অল্প সময়ের ব্যবধানে একই করিডরে দুটি জাহাজে হামলা হরমুজ প্রণালিতে নিরাপত্তাঝুঁকি আরও বেড়ে যাওয়ার ইঙ্গিত দিচ্ছে। তবে এখন পর্যন্ত হামলার দায় কোনো পক্ষ স্বীকার করেনি।

এর আগে আগস্টে সৌদি আরবের রাষ্ট্রীয় তেল কোম্পানি সৌদি আরামকো হরমুজ প্রণালির ভেতর থেকে পুনরায় তেল উত্তোলন ও বিক্রি শুরু করেছিল। গুরুত্বপূর্ণ এই নৌপথে নতুন হামলার ঘটনায় আন্তর্জাতিক বাজারে তেল সরবরাহ নিয়ে আবারও উদ্বেগ তৈরি হয়েছে।